



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ  
Bangladesh Agricultural University, Mymensingh

নং- ৩৩/নিশা/২০২৪

তারিখ- ২০/১/২৪

বরাবর

- ১। ডীন..... অনুযদ, বাকুবি, ময়মনসিংহ।
- ২। ছাত্র বিষয়ক উপদেষ্টা, বাকুবি, ময়মনসিংহ।
- ৩। রেজিস্ট্রার, বাকুবি, ময়মনসিংহ।
- ৪। কোষাধ্যক্ষ, বাকুবি, ময়মনসিংহ।
- ৫। প্রক্টর, বাকুবি, ময়মনসিংহ।
- ৬। পরিচালক..... *আবু হাশিম মেন*..... বাকুবি, ময়মনসিংহ।
- ৭। প্রভোস্ট....., বাকুবি, ময়মনসিংহ।
- ৮। লাইব্রেরিয়ান, বাকুবি, ময়মনসিংহ।
- ৯। সভাপতি, বাজার কমিটি, বাকুবি, ময়মনসিংহ।
- ১০। প্রধান প্রকৌশলী, বাকুবি, ময়মনসিংহ।
- ১১। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর (বিষয়টি যথাযথ মাধ্যম সমূহে প্রচারের অনুরোধসহ), বাকুবি, ময়মনসিংহ।
- ১২। ডেপুটি রেজিস্ট্রার, ভিসি সচিবালয় (মাননীয় ভিসি মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ১৩। বিবিধঃ...

বিষয়ঃ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ও অন্যদের সাইকেল/মোটরসাইকেল রাখা প্রসঙ্গ।

মহোদয়,

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত প্রসঙ্গে ইতিপূর্বে ডীন অফিস নিরাপত্তা শাখা কর্তৃক করণীয়/পালনীয় বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছিল, কিন্তু বিষয়টি সবাই মেনে চলেন না, নির্ধারিত বা পান্থবর্তী ষ্ট্যান্ডে নিরাপত্তা কর্মীকে অবগত করে টোকেন সংগ্রহ না করেই ফ্যাকাণ্ডি/অফিস/এলাকায় যত্রতত্র যানবাহন সমূহ রেখে চলে যান, নির্ধারিত সময়ের মধ্যে যানবাহন নিতে আসেননা। ফলে চতুর্দিকে খোলা ও সর্বসাধারণের প্রবেশাধিকারের ক্যাম্পাসে মাঝে মাঝেই সাইকেল-মোটরসাইকেল চুরি সংঘটিত হয়। এমতাবস্থায় উক্ত চুরি রোধকল্পে সংশ্লিষ্ট সকলের নির্ধারিত নিয়ম মেনে যানবাহন রাখা ও গ্রহণ করা বাঞ্ছনীয়। এ বিষয়ে নিম্নোক্ত নিয়ম অনুসরণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি বিশেষ অনুরোধ করা হল। অন্যথায় সম্ভাব্য চুরি/ক্ষয়ক্ষতির জন্য প্রশাসন দায়ি থাকবে না মর্মে প্রচার করা হল। উল্লেখ্য এ বিষয়ে ইতিমধ্যে প্রক্টর কার্যালয়ে প্রক্টর-এডভাইজার-নিরাপত্তা সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে।

- ১। শুধুমাত্র নির্ধারিত ষ্ট্যান্ডে কর্তব্যরত নিরাপত্তা কর্মীর নিকট যানবাহন রাখা যাবে।
- ২। যানবাহন রাখার সময় কর্তব্যরত নিরাপত্তা কর্মীর নিকট হতে অবশ্যই টোকেন সংগ্রহ করতে হবে; যা ফেরত দেয়া সাপেক্ষে যানবাহন নিতে পারবেন।
- ৩। অফিস সময়ে/ব্লাস সময়ে শুধু যানবাহন রাখা যাবে, তবে ক্ষেত্র বিশেষে অফিসিয়াল/শিক্ষা-গবেষণামূলক কাজে পরবর্তী কর্তব্যরত নিরাপত্তা কর্মীর নিকট হতে টোকেন সংগ্রহ করত যানবাহন রাখা যাবে, তবে বিলম্ব হলেও ঐদিনই যানবাহন সংগ্রহন করতে হবে।
- ৪। প্রতিটি ষ্ট্যান্ডে দিনের বেলা দুইজন করে রক্ষী নিয়োজিত করতে হবে।

সংশ্লিষ্ট সকলের স্বার্থে অত্র বিজ্ঞপ্তি প্রচার/অনুসরণের অনুরোধ করা হলো।

*Rahat*

*৩৩/নিশা/২৪*

পরিচালক

নিরাপত্তা কাউন্সিল  
বাকুবি, ময়মনসিংহ।